

নং-৪৬.০০.৫৪০০.০৪২.১৪.০৬৮.১৭(১) ৬৯৪

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
০৪ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাদারীপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ মাদারীপুর জেলা পরিষদের স্মারক নং-জেপমা-উন্নয়ন-১২/২০১৮/১২০, তারিখঃ ২৪/৪/২০১৮।

মাদারীপুর জেলা পরিষদের ২০১৭-২০১৮ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় ১,১৫,০৩,০০০/- (এক কোটি পনের লক্ষ তিন হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ৬০টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহ :

- ১) পিপিআর-২০০৮ এবং বিধি-বিধান অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) ৫.০০ লক্ষ বা তদূর্ধ্ব টাকার প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, মাদারীপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে ;
- ৩) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৪) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে ;
- ৫) নলকূপসমূহ বিভিন্ন ব্যক্তির বাড়িতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে সুপেয় পানির সুবিধা ভোগ করতে পারে এরূপ স্থানে স্থাপন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ মাদারীপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে
- ৭) রাজস্ব তহবিলের উন্নয়ন খাতের মোট বরাদ্দের ৪০% এর বেশী প্রকল্প পিআইসির (প্রকল্প বাস্তবায়ন কমিটি) মাধ্যমে বাস্তবায়ন করা যাবে না।

সংযুক্তিঃ বর্ণনামতে।

J. Min
০৪/০৬/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মাদারীপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।